৩৮

দৈনিক ইত্তেফাক

তারিখ 28 DEC 1998
পৃঃ ৪ কলাম ৭

## কম্পিউটারের মাধ্যমে পরীক্ষার খাতা মূল্যায়ন প্রসঙ্গে

আমাদের দেশে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে কম্পিউটারের মাধ্যমে পরীক্ষার খাতার নম্বর মূল্যায়নের ব্যবস্থা রহিয়াছে। এই ব্যবস্থায় নির্ভুল ফলাফল কাম্য হইলেও নানা অনিয়মের খবর প্রায়শ:ই পাওয়া যায়। পরীক্ষার্থীদের যে খাতা দেওয়া হয়, সেই খাতার উপরে একটি কম্পিউটার শীট থাকে, যাহা শুধু স্টেপলার পিন দ্বারা আটকানো থাকে। খোলা অবস্থাতেও দুই-একটি পাওয়া যায়। যাহা হলে কর্তব্যরত শিক্ষক পিনআপ করিয়া দেন। পিন খুলিয়া এই কাগজটি অপর একটি খাতার কাগজের সহিত খুব সহজেই বদল করা যায়। সুযোগ পাইলে পরীক্ষার্থী হলে বসিয়াই তাহা করিতে পারে। এই অদল-বদলের কাজটি খুব সহজেই করিয়া থাকে বোর্ডের কিছু অসৎ কর্মচারী। পরীক্ষার আগে এই রূপে ও পরীক্ষার পরে যাহারা খাতা পুনঃনিরীক্ষণে ইচ্ছুক তাহাদের নিকট প্রতি বিষয়ে পাস নম্বরের জন্য নির্দিষ্ট টাকা চাওয়া হয়। আর এই কাজে নিয়োজিত আছে কিছু লোক। এই প্রক্রিয়ায় অনেকেই পাস করিয়া থাকে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

বাঁশরী চৌধুরী,
মিরপুর, ঢাকা।